

প্রেস রিলিজ  
তারিখ: ৩০ মার্চ ২০২৬

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর নবনিযুক্ত উপাচার্যের সাথে বাউবির বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীদের সৌজন্য সাক্ষাত ও স্মারকলিপি প্রদান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) একাডেমিক কাঠামোকে আধুনিকায়ন ও শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে মাননীয় উপাচার্য বরাবর একটি স্মারকলিপি প্রদান করেছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীরা। আজ সোমবার (৩০ মার্চ ২০২৬) বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে উপাচার্যের কার্যালয়ে মোদাছির হোসেন এবং ফরহাদ হোসেনের প্রতিনিধিত্বে বাউবির বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীদের একটি দল নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান-কে অভিনন্দন জানিয়ে তাঁর নিকট একটি স্মারকলিপি পেশ করেন।

মাননীয় উপাচার্য স্মারকলিপি গ্রহণ করে বিষয়গুলোর গুরুত্ব অনুধাবন করে যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। এ সময়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য অধ্যাপক ছিদ্দিকুর রহমান খান বলেন, “বিশ্ববিদ্যালয়ের সামনে দীর্ঘ পথ চলা বাকি এবং রাতারাতি সব সমস্যার সমাধান সম্ভব না হলেও আন্তরিকতার কোনো ঘাটতি থাকবে না। শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের মূল শক্তি হিসেবে উল্লেখ করে তিনি আরো বলেন, শিক্ষার্থী ও প্রশাসনের পারস্পরিক সম্পর্ক এবং সহযোগিতার মাধ্যমেই প্রতিষ্ঠান এগিয়ে যায়। শিক্ষার্থীদের যৌক্তিক দাবিগুলো গুরুত্বসহকারে বিবেচনা করে ধাপে ধাপে বাস্তবায়নের আশ্বাস দেন এবং পূর্ববর্তী বিভিন্ন সিদ্ধান্ত ও কমিটির অগ্রগতি পর্যালোচনা করার কথাও জানান। নতুন দায়িত্ব গ্রহণের পর শিক্ষার্থীদের সঙ্গে এই মতবিনিময়কে তিনি সম্মানের বলে উল্লেখ করেন এবং সবাইকে টিমওয়ার্কের মাধ্যমে কাজ করার আহ্বান জানান। একই সঙ্গে শিক্ষার্থীদেরকে পড়ার টেবিলে মনোনিবেশ করে মেধাকে যথাযথভাবে কাজে লাগানোর পরামর্শ প্রদান করেন। প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে তাল মিলিয়ে নানা সংকট ও বাস্তবতার প্রেক্ষাপটে সম্মিলিত প্রচেষ্টায় এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করে তিনি একটি উন্নত ও কার্যকর বিশ্ববিদ্যালয় গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন”।

এ সময়ে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি এম আহমেদ হুসেইন এবং তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)